

গুণগান

১০ নং

তাল-কাওয়ালী

রাগিনী-মিশ্রিত পুরবী

গুরুচাঁদ পতিত পাবন হে,

পতিত পাবন, অধম তারণ, সত্য সনাতন হে ।

- ১। কৃপা করি এল এ জাতি মাঝারে,  
রাজ-রাজেশ্বর দীন হীন ঘরে ।  
সত্য, সুন্দর, অনাদি কারণ নিত্য বান্ধব হে ॥
- ২। কত যুগ ধরি হ'ল অবতার,  
পতিতের কভু না হ'ল উদ্ধার ।  
মহা উদ্ধারণ, পতিত তারণ, দুঃখ নিবারণ হে ॥
- ৩। ব্যথিতের ব্যথা যে বুঝিতে পারে,  
সে জন আইল সে ব্যথা মাঝারে ।  
ওড়াকান্দী 'পরে ব্যথা ভরা ঘরে,  
বেদনা-নাশন হে ॥
- ৪। হরিচাঁদ রূপে প্রথমে আবাদ,  
গুরুচাঁদ রূপে প্রেম রসাস্বাদ ।  
মলিনতা ধুয়ে, মানুষ সাজায়,  
( করলে ) কৃপা বিতরণ হে ॥
- ৫। মনে দিলে শাস্তি মুখে দিলে হাসি,  
জ্ঞানে মেখে প্রেম দিলে হাসি ।  
মরা দেহে প্রাণ, দিলে ভগবান,  
শমন-দমন হে ॥
- ৬। দীন হীন অতি পাপে মোহে অন্ধ,  
নরাকারে পশু আমি মহানন্দ ।  
পদ রজঃ দানে, রেখ গো চরণে,  
করণ-স্মরণ হে ॥  
—মহানন্দ হালদার